

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৭২২

আগরতলা, ৬ নভেম্বর, ২০২৪

বিভিন্ন শিল্প এলাকা পরিদর্শনে ত্রিপুরা  
বিধানসভার পাবলিক আন্ডারটেকিং কমিটি

ত্রিপুরা বিধানসভার পাবলিক আন্ডারটেকিং কমিটি (PUC) আজ টি.আই.ডি.সি.এল.-এর বোধজংনগর, আর.কে.নগর, ডুকলি এবং এডিনগর শিল্প এলাকা পরিদর্শন করেন। এই পরিদর্শন কর্মসূচির নেতৃত্বে ছিলেন পাবলিক আন্ডারটেকিং কমিটির চেয়ারম্যান বিধায়ক কিশোর বর্মণ এবং কমিটির অন্যান্য সদস্যরা হলেন বিধায়ক পাঠান লাল জামাতিয়া, বিধায়ক ফিলিপ কুমার রিয়াং, বিধায়ক দীপঙ্কর সেন। টি.আই.ডি.সি.এল চেয়ারম্যান নবাবুল বণিক, শিল্প ও বাণিজ্য দপ্তরের অধিকর্তা বিশ্বশ্রী বি., টি.আই.ডি.সি.এল'র ওএসডি পার্থ দাস, জিরানিয়া মহকুমার মহকুমা শাসক, সদর মহকুমার মহকুমা শাসক, টি.আই.ডি.সি.এল এবং সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরের আধিকারিকগণ প্রতিনিধিদলের সঙ্গে ছিলেন।

ত্রিপুরা বিধানসভার পাবলিক আন্ডারটেকিং কমিটির সদস্যগণ বোধজংনগর শিল্প এলাকার প্রাণ বেভারেজ (ইন্ডিয়া) প্রাইভেট লিমিটেড, পাল্লা পিলিল টেক রাবার, দেব ইন্ডাস্ট্রিজ, এ বি এম রাবার ইন্ডাস্ট্রিজ প্রাইভেট লিমিটেড, ধরমপাল সত্যপাল লিমিটেড, সেন্ট্রাল ইনস্টিটিউট অফ পেট্রো কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (CIPET) প্রভৃতি শিল্প ইউনিটগুলি পরিদর্শন করেন।

এরপর প্রতিনিধিদলটি আর কে নগর শিল্প এলাকা পরিদর্শন করেন। সেখানে তারা নর্থইস্ট ভেনিয়ার প্রাইভেট লিমিটেড যা প্লাইউড উৎপাদন করে, মুখা ইন্ডাস্ট্রিজ প্রাইভেট লিমিটেড যা একটি বাঁশভিত্তিক উৎপাদন ইউনিট, সেন্ট্রাল ইনস্টিটিউট অব পেট্রো কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (CIPET), জি-কিউব স্টিকস এবং জি-কিউব ভেঞ্চারস প্রাইভেট লিমিটেড পরিদর্শন করেন।

এরপর পিইউসি-এর সদস্যগণ ডুকলি শিল্প এলাকায় ক্যালকাটা প্লাস্টোপ্যাক ইন্ডাস্ট্রিজ, জগন্নাথ ইন্ডাস্ট্রি, কানাই মুড়ি সেন্টার, মেসার্স এ কে ব্রিক্স পরিদর্শন করেন। ডুকলি শিল্প এলাকা পরিদর্শন শেষে সদস্যগণ এডিনগর শিল্প এলাকা পরিদর্শন করেন। সেখানে তীর্থময়ী অ্যালুমিনিয়াম, ন্যারামেক, ক্লাউড নাইন, জগন্নাথ প্রভৃতি ইউনিটগুলি পরিদর্শন করেন। ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের পক্ষ থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*